রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১১ সনের ৬ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ১০, ২০১১

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬৩—৬৯ |
| ২য় খণ্ড প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৬৯—১৯৭ |
| ৩য় খণ্ড প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৯৫—১৪০ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১৩ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) ..... সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) ..... বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ..... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ..... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ..... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) .............: ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**সংস্থাপন মন্ত্রণালয়**
**বিধি-১ শাখা**

**পরিপত্র**

তারিখ, ১৪ মাঘ ১৪১৭/২৭ জানুয়ারি ২০১১

বিষয় ঃ **বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ (অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরসহ) এর ৭ম, ৮ম, ৯ম গ্রেডের ১ম শ্রেণীর কর্মকর্তাদের এবং দশম, একাদশ, দ্বাদশ গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশনগ্রেড প্রদান বিষয়ক কমিটি।**

নং ০৫.১৭০.০২২.২৪.০০.০৫০.২০১০-৪৫—সংস্থাপন মন্ত্রণালয়ের ০৬-১১-১৯৯১ খ্রিঃ তারিখের সম/আর-১/এম-১৯/৯১-৩১২(২৫০) নং স্মারকটি বাতিলপূর্বক নিম্নরূপ কমিটি গঠন করা হইল ঃ

(১) ৭ম, ৮ম, ৯ম গ্রেডের ১ম শ্রেণীর কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশনগ্রেড প্রদান বিষয়ক কমিটি ঃ

(ক) কমিটির গঠন ঃ

সভাপতি

(১) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের সচিব/অতিরিক্ত সচিব

সদস্যবৃন্দ

(২) সংস্থাপন মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি

(৩) অর্থ মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি

(৪) সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর প্রধান

সদস্য-সচিব

(৫) প্রশাসনিক মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব/সমপর্যায়ের কর্মকর্তা

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(খ) কমিটির কার্যপরিধি ঃ

(অ) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে সকল মন্ত্রণালয়/বিভাগ ও তদাধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তরের ক্যাডারভুক্ত ও ক্যাডার বহির্ভূত ৭ম, ৮ম, ৯ম গ্রেডের ১ম শ্রেণীর কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশনগ্রেড প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান।

(আ) বাংলাদেশ কর্ম কমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ অনুযায়ী ১ম ও ২য় শ্রেণীর গেজেটেড পদ কর্ম কমিশনের আওতাভুক্ত বিধায় ২য় হইতে ১ম বা ৩য় হইতে ১ম শ্রেণীর পদে বা গ্রেডে পদোন্নতির মাধ্যমে নিয়োগ বা সরাসরি নিয়োগের বিষয় সরকারি কর্ম কমিশনের আওতাভুক্ত। এই জাতীয় নিয়োগ (পদোন্নতির মাধ্যমে বা সরাসরি) আলোচ্য কমিটির আওতা বহির্ভূত থাকিবে।

(২) দশম, একাদশ, দ্বাদশ গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশনগ্রেড প্রদান বিষয়ক কমিটি ঃ

(ক) কমিটির গঠন ঃ

সভাপতি

(১) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের অতিরিক্ত সচিব/যুগ্ম- সচিব

সদস্যবৃন্দ

(২) সংস্থাপন মন্ত্রণালয়ের উপ-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি

(৩) অর্থ মন্ত্রণালয়ের উপ-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি

(৪) সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি

সদস্য-সচিব

(৫) প্রশাসনিক মন্ত্রণালয়ের উপ-সচিব/সমপর্যায়ের কর্মকর্তা

(খ) কমিটির কার্যপরিধি ঃ

(অ) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে সকল মন্ত্রণালয়/বিভাগ ও তদাধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তরের দশম, একাদশ ও দ্বাদশ গ্রেডের ২য় শ্রেণীর কর্মকর্তা হিসাবে স্বীকৃতিপ্রাপ্ত কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশনগ্রেড প্রদানের বিষয় বিবেচনা-পূর্বক সুপারিশ প্রদান।

(আ) বাংলাদেশ কর্ম কমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ অনুযায়ী ১ম ও ২য় শ্রেণীর গেজেটেড পদ কর্ম কমিশনের আওতাভুক্ত বিধায় ৩য় হইতে ২য় শ্রেণীর পদে বা গ্রেডে পদোন্নতির মাধ্যমে নিয়োগ বা সরাসরি নিয়োগের বিষয় সরকারি কর্ম কমিশনের আওতাভুক্ত। এই জাতীয় নিয়োগ (পদোন্নতির মাধ্যমে বা সরাসরি) আলোচ্য কমিটির আওতা বহির্ভূত থাকিবে।

(ই) বাংলাদেশ কর্ম কমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ এর ৮নং বিধি মোতাবেক একই শ্রেণীতে পদোন্নতির ক্ষেত্রে কর্ম কমিশনের পরামর্শ নিষ্প্রয়োজন বিধায় দ্বিতীয় শ্রেণীভুক্ত এক পদ হইতে অপর পদে পদোন্নতির বিষয় আলোচ্য কমিটির আওতাভুক্ত থাকিবে।

২। অনুচ্ছেদ ১(১) ও ১(২) মতে গঠিত কমিটিতে সংস্থাপন মন্ত্রণালয়ের অনুমোদন প্রয়োজন নাই। শুধুমাত্র অফিস আদেশের অনুলিপি অত্র মন্ত্রণালয়ের অবগতির জন্য প্রেরণ করিতে হইবে।

৩। উপরোক্ত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন এবং প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে অবহিত করিবার অনুরোধ করা হইল।

ইকবাল মাহমুদ
সচিব।

---

## শৃঙ্খলা-১(১) অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ২১ পৌষ ১৪১৭/০৪ জানুয়ারি ২০১১

নং ০৫.১৮০.০২৭.০২.০০.০০৩.২০১০-১০—যেহেতু, জনাব শরীফ মোর্তুজা মামুন (৪০৭১), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, রাজশাহী বর্তমানে উপ-পরিচালক (উপ-সচিব), মাধ্যমিক পর্যায়ে ছাত্রী উপবৃত্তি প্রকল্প, শিক্ষা মন্ত্রণালয়-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধিমতে অসদাচরণ এবং দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ১৮-০১-২০১০ তারিখে সংস্থাপন মন্ত্রণালয়ের ০৫.১৮০.০২৭.০২.০০.০০৩.২০১০-৩৫ নং স্মারকমূলে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা তাঁর লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানী প্রার্থনা করলে গত ৩০-০৩-২০১০ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব শরীফ মোর্তুজা মামুন (৪০৭১)-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা ন্যায় বিচারের স্বার্থে সুষ্ঠু তদন্তক্রমে প্রতিবেদন দেওয়ার জন্য জনাব মোঃ মোফাজ্জেল হোসেন, যুগ্ম-সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং বেগম ফরিদা ইয়াসমিন, সিনিয়র সহকারী কমিশনার, রাজশাহী কালেক্টরেট-কে সরকার পক্ষে নথি উপস্থাপনকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে জনাব শরীফ মোর্তুজা মামুন (৪০৭১)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী অসদাচরণ-এর অভিযোগ প্রমাণিত হয়েছে ও তিনি অভিযোগের জন্য দোষী এবং তাঁর বিরুদ্ধে আনীত একই বিধিমালার ৩ (ডি) অনুযায়ী দুর্নীতি এর অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ" (Misconduct) এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করায় অভিযুক্ত কর্মকর্তা জনাব শরীফ মোর্তুজা মামুন (৪০৭১)-কে অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত করে তাঁকে বেতন স্কেলের নিম্ন ধাপে অবনমিতকরণ (Reduction to a lower stage in the time-scale) লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব শরীফ মোর্তুজা মামুন (৪০৭১), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, দূর্গাপুর, রাজশাহী বর্তমানে উপ-পরিচালক (উপ-সচিব), মাধ্যমিক পর্যায়ে ছাত্রী উপবৃত্তি প্রকল্প, শিক্ষা মন্ত্রণালয়-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(বি) অনুযায়ী তাঁকে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য বেতন স্কেলের নিম্ন ধাপে অবনমিতকরণ (Reduction to a lower stage in the time-scale) লঘুদণ্ড আরোপ করা হলো। তবে শাস্তির মেয়াদ উত্তীর্ণের পর রিডাকশনকাল বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ইকবাল মাহমুদ**
সচিব।

---

**বিধি-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৩ মাঘ ১৪১৭/১৬ জানুয়ারি ২০১১

বিষয়ঃ **মুক্তিযোদ্ধার সন্তানগণসহ মুক্তিযোদ্ধার পরিবারের অন্যান্য সদস্যদের সরকারি/আধা-সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা/প্রতিষ্ঠান ও কর্পোরেশনের চাকুরিতে মুক্তিযোদ্ধা কোটায় অন্তর্ভুক্তকরণ।**

নং ০৫.১৭০.০২২.০৭.০১.১২৪.২০১০-২৬—সরকার উপরোক্ত বিষয়ে সংস্থাপন মন্ত্রণালয়ের ১৭-০৩-১৯৯৭ খ্রিঃ তারিখের সম(বিধি-১)/এস-৮/৯৫(অংশ-২)-৫৬(৫০০) নং স্মারকের ১ নং অনুচ্ছেদের সারণীর 'বিভিন্ন ধরনের কোটা' সংক্রান্ত কলামের ৩(ক) নং ক্রমিক অংশ নিম্নরূপভাবে সংশোধন করিল ঃ—

"(ক) মুক্তিযোদ্ধা এবং উপযুক্ত মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্র-কন্যা"

২। এই সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হইবে।

**ইকবাল মাহমুদ**
সচিব।

---

**অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ পৌষ ১৪১৭/০৯ জানুয়ারি ২০১১

**নং ০৫.২০০.০২৫.০০.০০.০০২.২০০৮-০৭**—ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর, ঢাকায় ৩১-১-২০১০ইং হইতে ২৩-১২-২০১০ ইং মেয়াদে অনুষ্ঠিত ন্যাশনাল ডিফেন্স কোর্স-২০১০ এ নিম্নবর্ণিত বেসামরিক কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন ঃ

(১) জনাব মুন্সী আলাউদ্দিন আল আজাদ (২৩৮৫), ওএসডি (যুগ্ম-সচিব), সংস্থাপন মন্ত্রণালয়।

(২) জনাব মোঃ জহির উদ্দিন আহমেদ (৩৪০৭), ওএসডি (যুগ্ম-সচিব), সংস্থাপন মন্ত্রণালয়।

(৩) জনাব মুহাম্মদ তাহির হুসাইন (৭১৬১), ওএসডি (যুগ্ম-সচিব), সংস্থাপন মন্ত্রণালয়।

(৪) সৈয়দ মুস্তাফীজুর রহমান (১১৪৫), ওএসডি (যুগ্ম-সচিব), সংস্থাপন মন্ত্রণালয়।

(৫) জনাব আজিজ হাসান (১৯১৭), ওএসডি (যুগ্ম-সচিব), সংস্থাপন মন্ত্রণালয়।

(৬) জনাব আমির হোসেন (৩৮৭৫), ওএসডি (যুগ্ম-সচিব), সংস্থাপন মন্ত্রণালয়।

(৭) বেগম হোসনে আরা বেগম (২৫৬৯), ওএসডি (যুগ্ম-সচিব), সংস্থাপন মন্ত্রণালয়।

(৮) জনাব মোঃ মতিয়ার রহমান ডিআইজি, পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা।

(৯) জনাব আশরাফ উদ্দিন মহা-পরিচালক, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

২। উল্লিখিত কর্মকর্তাগণ ন্যাশনাল ডিফেন্স কোর্স-২০১০ সফলভাবে সমাপ্ত করেছেন মর্মে ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর, ঢাকা এর ২২-১২-২০১০ ইং তারিখের এ্যাডমিন/৭৭০/১/এ/১, সংখ্যক স্মারকের মাধ্যমে জানানো হয়েছে।

৩। ন্যাশনাল ডিফেন্স কোর্স সফলভাবে সমাপ্ত করায় উক্ত কর্মকর্তাগণকে তাদের নামের সাথে "এনডিসি" প্রতীক ব্যবহারের অনুমতি দেয়া হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আশরাফ উদ্দীন আহাম্মদ খান**
সিনিয়র সহকারী সচিব।

---

**মাঠ প্রশাসন-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৬ মাঘ ১৪১৭/১৯ জানুয়ারি ২০১১

**নং ০৫.১৩৯.০২৮.০১.০১.০০১.২০১০-২০**—আদিষ্ট হয়ে সিলেট বিভাগীয় কমিশনারের কার্যালয়ে অস্থায়ীভাবে সৃষ্ট অতিরিক্ত বিভাগীয় কমিশনারের ১(এক)টি পদ এবং এর সহযোগী ০৩(তিন)টি পদসহ (সাঁটলিপিকার-কাম-সি.এ.-১টি, গাড়ীচালক-১টি ও এম.এল.এস.এস.-১টি মোট ০৪(চার)টি পদ ০১-০৬-২০১০ তারিখ হতে রাজস্বখাতে স্থায়ী করার বিষয়ে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করা হলো ঃ

| নং | পদের নাম | পদের সংখ্যা | সংশোধিত বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল-০৯) |
|---|---|---|---|
| (১) | অতিরিক্ত বিভাগীয় কমিশনার | ১(এক)টি | ২২২৫০-৩১২৫০/-<br>২৫৭৫০-৩৩৭৫০/- |
| (২) | সাঁট-লিপিকার-কাম-সি.এ. | ১(এক)টি | ৫৫০০-১২০৯৫/- |
| (৩) | গাড়ীচালক | ১(এক)টি | ৪৭০০-৯৭৪৫/- |
| (৪) | এম.এল.এস.এস. | ১(এক)টি | ৪১০০-৭৭৪০/- |
| | মোট পদ | ৪(চার)টি | |

২। উল্লিখিত পদসমূহের ব্যয়ভার সরকারি বাজেট বরাদ্দের হিসাবের কোড নম্বর যথাক্রমে ৩-০৭৪১-৪৫০০-৪৭০০ কর্মকর্তাদের এবং প্রাতিষ্ঠানিক কর্মচারীদের ৪৬০০—৪৭০০ বেতন ভাতা খাত হতে নির্বাহ করা হবে।

৩। এ আদেশ জারির বিষয়ে সরকারি বিধি মোতাবেক যাবতীয় আনুষ্ঠানিকতা পালন করা হয়েছে।

৪। এতে সংস্থাপন মন্ত্রণালয়ের সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

**জালাল উদ্দিন আহম্মেদ**
সিনিয়র সহকারী সচিব।

---

**নির্বাচন কমিশন সচিবালয়**
**শেরে বাংলা নগর, ঢাকা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ ডিসেম্বর ২০১০/০৮ পৌষ ১৪১৭

নং নিকস/প্র-১/পদবি পরিবর্তন/১(২)/২০১০/৭৪৭—সংস্থাপন মন্ত্রণালয়ের ১৬ সেপ্টেম্বর, ২০১০ তারিখের পত্র নং ০৫.১৫১.০১৫.০০.০০.০২৬.২০০২-১৯৫ এবং অর্থ বিভাগের ০৮-১২-২০১০ তারিখের পত্র নং ০৭.১৫৬.০১৫১৭.০০.০৩-১৯৯৯-৫৪৬-এর প্রেক্ষিতে নির্বাচন কমিশন সচিবালয়ের আওতাধীন নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউটের "নিরাপত্তা প্রহরীর" পদনাম "নৈশ প্রহরী" পদনামে পরিবর্তন করা হল।

২। এ আদেশ জনস্বার্থে জারী করা হল।

**মোঃ মাহবুব আলম শাহ্**
সহকারী সচিব (প্রশাসন-১)।

---

**অর্থ মন্ত্রণালয়**
**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**পরিচালনা পর্ষদ ও সমন্বয় অধিশাখা-১**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৯ ডিসেম্বর ২০১০

নং ৫৩.০০১.০১১.০০.০০.০১৫.২০০৮-৫১১—বাংলাদেশ কমার্স এন্ড ইনভেষ্টমেন্ট লিমিটেড (পুনর্গঠন) আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১২নং আইন) এর ৭(১) ধারা অনুসারে বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে জনাব আব্দুল কাদের সিদ্দিকী-কে নিয়োগ আদেশ জারীর তারিখ হতে আরও ২ (দুই) বছরের জন্য পুনঃনিয়োগ দেয়া হলো।

জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

তারিখ, ২০ ডিসেম্বর ২০১০

নং ৫৩.০০১.০১১.০০.০০.০১৫.২০০৮-৫১৪—বাংলাদেশ কমার্স এন্ড ইনভেষ্টমেন্ট লিমিটেড (পুনর্গঠন) আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১২ নং আইন) এর ৭(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বিনিয়োগকৃত অর্থের ক্রমানুসারে 'খ' শ্রেণীর শেয়ার হোল্ডারদের মধ্য হতে সোনালী ব্যাংক লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক-কে বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২১ ডিসেম্বর ২০১০

নং ৫৩.০০১.০১১.০০.০০.০০৪.২০০৮-৫১৭—জনতা ব্যাংক লিমিটেড এর Memorandum and Articles of Association এর ৯৫ ধারায় অর্থ বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ ইমদাদুল হক-কে জনতা ব্যাংক লিমিটেড এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

২। জনাব মোঃ ইমদাদুল হক জনতা ব্যাংক লিমিটেড এর পরিচালনা পর্ষদের পরিচালক জনাব ফজলে কবির, মহা-পরিচালক (সচিব), বিসিএস প্রশাসন একাডেমী এর স্থলাভিষিক্ত হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রুহী রহমান**
উপ-সচিব।

---

**(বীমা শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ ডিসেম্বর ২০১০

নং৫৩.০০৫.০১১.০০.০০.০৫৫.২০০৯-২৪৭—The Insurance Corporation Act, 1973 এর ৭(১) এবং ৭(৩) ধারামতে সরকার জনাব শেখ আব্দুর রফিক-কে নিয়োগের তারিখ হতে ৩ (তিন) বছরের জন্য জীবন বীমা কর্পোরেশনের পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করলেন।

২। এ আদেশ জনস্বার্থে অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোস্তাক উদ্দীন আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**(শুল্ক)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ পৌষ ১৪১৭/১০ জানুয়ারি ২০১১

নং ২৯৩/২০১১/শুল্ক।—Customs Act, 1969 (IV of 1969) এর section 10(a) এর প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থে নিম্ন তফসিলের ১,২,৩ ও ৪ এ বর্ণিত এলাকাকে

বাংলাবান্ধা শুল্ক স্টেশনের সীমানা এবং একই আইনের section 10(b) এ ক্ষমতাবেল উক্ত শুল্ক স্টেশনের আমদানি ও রপ্তানি উঠানো (Loading) ও নামানোর (Unloading) জন্য অনুমোদিত নির্দিষ্ট স্থান (Approved proper place) হিসেবে নির্ধারণ করিল, যথা ঃ—

**তফসিল**

১। জেএল নং ১, মৌজা বাংলাবান্ধা, উপজেলা তেতুলিয়া, জেলা পঞ্চগড়।

২। **সীমান্ত চৌহদ্দি** ঃ

উত্তরে ঃ নাল জমি।

দক্ষিণে ঃ নাল জমি।

পূর্বে ঃ পঞ্চগড়—বাংলাবান্ধা সড়ক।

পশ্চিমে ঃ নাল জমি।

৩। এলসি স্টেশনের নাম ঃ বাংলাবান্ধা শুল্ক স্টেশন।

৪। এলসি স্টেশনের সীমানা ঃ

| ক্রমিক নং | খতিয়ান নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ | দাগে মোট জমির পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | ১০৫ | ১১০ | ১.৯৮ একর | ১.৯৮ একর |
| ২ | ১০৬ | ৩৩ | ০.৬৫ একর | ২.৯২ একর |
| | | ৪৬ | ১.৬০ একর | ২.৬৬ একর |
| | | ১১৭ | ১.৮০ একর | ২.৬৩ একর |
| | | ১১৯ | ০.১৫ একর | ০.৩৬ একর |
| ৩ | ১৩৭ | ১১১ | ০.৩৮ একর | ০.৩৮ একর |
| | | ১১৩ | ০.৫৬ একর | ০.৫৯ একর |
| ৪ | ১৪০ | ১১৬ | ০.১১ একর | ০.১৩ একর |
| ৫ | ২৩৪ | ৪৩ | ০.৬৫ একর | ১.১৮ একর |
| | | ৪৪ | ০.৬২ একর | ০.৯৬ একর |
| | | ৪৫ | ০.৬৫ একর | ১.০৩ একর |
| ৬ | ০১ | ১১২ | ০.৮৫ একর | ০.৮৫ একর |
| সর্বমোট জমির পরিমাণ= | | | ১০.০০ একর | ১৫.৬৭ একর |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোহাম্মদ এহতেশামুল হক**
দ্বিতীয় সচিব (শুল্কঃ আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি)।

**পানি সম্পদ মন্ত্রণালয়**
**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩ মাঘ ১৪১৭/১৬ জানুয়ারি ২০১১

**নং ৪২.০৩১.০২৮.০০.০০.০৭৮.২০১০-৪৩**—পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর টিওএন্ডই নিম্নবর্ণিত যানবাহন ও অফিস সরঞ্জামাদিসহ নির্দেশক্রমে অনুমোদন করা হলো ঃ

| ক্রমিক নং | যানবাহন ও অফিস সরঞ্জামাদির বিবরণ | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| (১) | কার | ১ (এক) টি | মহাপরিচালকের জন্য |
| (২) | কার | ২ (দুই) টি | ২ জন পরিচালকের |
| (৩) | মাইক্রোবাস | ১ (এক) টি | প্রশাসনিক কাজে |
| (৪) | শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র | ১৭ (সতের) টি | |
| (৫) | ল্যাপটপ | ২ (দুই) টি | |
| (৬) | কম্পিউটার | ৫০ (পঞ্চাশ)টি | |
| (৭) | প্রিন্টার | ২০ (বিশ) টি | |
| (৮) | ইউপিএস | ৫০ (পঞ্চাশ) টি | |
| (৯) | স্ক্যানার | ২ (দুই) টি | |
| (১০) | প্লটার | ২ (দুই) টি | |
| (১১) | মাল্টিমিডিয়া | ২ (দুই) টি | |
| (১২) | ডিজিটাল ক্যামেরা | ২ (দুই) টি | |
| (১৩) | ফটোকপিয়ার | ৩ (তিন) টি | |
| (১৪) | ফ্যাক্স | ১ (এক) টি | |
| (১৫) | সার্ভার | ২ (দুই) টি | |

২। মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে এবং সংস্থাপন মন্ত্রণালয়ের ১৭-০৫-২০১০ তারিখের স্মারক নং ০৫.১৫৭.০২৮.০৩.০৬.০৯৩.১৯৯৬-১১৮ এবং অর্থ মন্ত্রণালয়ের ০২-১১-২০১০ তারিখের স্মারক নং-০৭.১২৮.০২৮.৪২.০০.০০৫.২০১০-২৫-এর মাধ্যমে প্রদত্ত সম্মতি মোতাবেক এ আদেশ জারী করা হলো।

**মোহাঃ নায়েব আলী**
সিনিয়র সহকারী সচিব।

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ জানুয়ারি ২০১১

**নং সবিম/শাঃ ৪/গগ্র-১৬৭/২০০১/২৯**—আদিষ্ট হয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২১-১২-২০০৯ তারিখের সবিম/শাখা-৪/গগ্র-১৬৭/২০০২/৪১৬ সংখ্যক প্রজ্ঞাপন এর অনুবৃত্তিক্রমে গণগ্রন্থাগার অধিদপ্তরের আওতাধীন বিভাগীয় ও জেলা পর্যায়ে সরকারি

গণগ্রন্থাগারের জন্য রাজস্ব খাতে পুস্তক বাছাই ও ক্রয় করার নিমিত্তে পুস্তক নির্বাচনের জন্য কেন্দ্রীয়ভাবে গঠিত পুস্তক নির্বাচনী কারিগরি কমিটি (ক্রয় কমিটি)-তে মহিলা সদস্য হিসেবে দেশের বিশিষ্ট কথা সাহিত্যিক বেগম সেলিনা হোসেন, বাড়ি নং ১৬/৭, রোড নং ০২, শ্যামলী ঢাকা-কে অন্তর্ভুক্ত করা হ'ল।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারী করা হ'ল।

**আবদুল হান্নান**
সহকারী সচিব।

---

**সংস্থাপন মন্ত্রণালয়**
**বিধি-১(৩) অধিশাখা**

**পরিপত্র**

তারিখ, ১৪ মাঘ ১৪১৭/২৭ জানুয়ারি ২০১১

**নং ০৫.১৭২.০২২.১১.০৭.০০৯.২০১০-২৮৭**—চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ এর অনুচ্ছেদ ৭ এর উপানুচ্ছেদ ৯ এর বিধান অনুযায়ী সকল ২য় শ্রেণীর কর্মকর্তা নিম্নোক্ত শর্তাধীনে ১০০% সিলেকশন গ্রেড প্রাপ্য হইবেন ঃ

(ক) চাকরিতে স্থায়ী হইতে হইবে;

(খ) ২য় শ্রেণী পদে চাকরির মেয়াদ ০৪ (চার) বৎসর পূর্ণ হইতে হইবে; চাকরির মেয়াদকাল গণনার ক্ষেত্রে অস্থায়ী রাজস্বখাতভুক্ত পদের চাকরিকালও গণনাযোগ্য হইবে; এবং

(গ) চাকরির রেকর্ড সন্তোষজনক হইতে হইবে।

২। এই আদেশ ১লা জুলাই, ২০০৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে মর্মে গণ্য হইবে।

**ইকবাল মাহমুদ**
সচিব।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**পরিকল্পনা শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৪ জানুয়ারি ২০১১

**নং বিপম/পরি-১/বঙ্গবন্ধু বিমানবন্দর/২০০৯/৩৬**—'বঙ্গবন্ধু শেখ মুজিব আন্তর্জাতিক বিমানবন্দর' নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণসহ সংশ্লিষ্ট কার্যক্রমে অধিকতর সমন্বয় ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি টাস্কফোর্স গঠন করা হলো ঃ

**আহ্বায়ক**

(১) যুগ্ম-সচিব (বিমান ও সিএ)

**সদস্যবৃন্দ**

(২) প্রতিনিধি, মানীয় প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) প্রতিনিধি, ভূমি মন্ত্রণালয়

(৪) প্রতিনিধি, নৌ পরিবহন মন্ত্রণালয়

(৫) প্রতিনিধি, সেতু বিভাগ

(৬) প্রতিনিধি, সড়ক ও রেলপথ বিভাগ

(৭) অতিরিক্ত কমিশনার (রাজস্ব), বিভাগীয় কমিশনার অফিস, ঢাকা।

(৮) অতিরিক্ত জেলা প্রশাসক (এল.এ), ঢাকা

(৯) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মুন্সীগঞ্জ

(১০) জনাব সুধেন্দু বিকাশ গোস্বামী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা।

**সদস্য-সচিব**

(১১) জনাব মোঃ জামাল হোসাইন, উপ-সচিব (প্রশাসন-৩), এ মন্ত্রণালয়।

২। কার্যপরিধি ঃ

(১) নিয়মিত ও কার্যকর যোগাযোগের মাধ্যমে সংশ্লিষ্ট সকল পক্ষের মধ্যে প্রয়োজনীয় সমন্বয় সাধন;

(২) ভূমি অধিগ্রহণসহ অন্য কোন ক্ষেত্রে কোন সমস্যা পরিলক্ষিত হলে তা দ্রুত সমাধানের উপায় উদ্ভাবনপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট দপ্তরসমূহে পরামর্শ প্রদান।

৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে এবং কমিটি পাক্ষিকভিত্তিতে অন্তত একটি সভা আহ্বান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শফিক আলম মেহেদী**
ভারপ্রাপ্ত সচিব।

---

**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১০ ফেব্রুয়ারি ২০১১/২৮ মাঘ ১৪১৭

**নং নিকস/প্র-১/যৌথ জ্যেষ্ঠতা/৪(৭)/২০১১/১৫৮**—বাংলাদেশ নির্বাচন কমিশনের কাজে অধিকতর দক্ষতা ও গতিশীলতা অর্জনের লক্ষ্যে এবং নির্বাচন কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮ জারী হওয়ার প্রেক্ষিতে নির্বাচন কমিশনের কর্মকর্তা/ কর্মচারীদের সচিবালয় ও বহিরাংগন এই দুই গ্রুপে বিদ্যমান প্রশাসনিক বিভাজন রহিত করে এই উভয় গ্রুপকে একীভূত করার জন্য কমিশন সদয় সিদ্ধান্ত প্রদান করেছেন।

২। একীভূতকরণ প্রক্রিয়া দ্রুত সম্পাদনের লক্ষ্যে কমিশন সচিবালয় বিদ্যমান জ্যেষ্ঠতা নীতিমালা ও আন্তঃজ্যেষ্ঠতা তালিকাসমূহের প্রয়োজনীয় পরিবর্তন, পরিমার্জন ও সংশোধন কার্যকর করার পদক্ষেপ গ্রহণ করবে।

৩। একীভূতকরণকালে সচিবালয় ও বহিরাংগণ এই দুই গ্রুপের কর্মকর্তাদের আন্তঃজ্যেষ্ঠতা এই আদেশ জারীর তারিখে উভয় গ্রুপের কর্মকর্তা চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ এর

-১০৪-

অনুচ্ছেদ ২(খ) এ সংজ্ঞায়িত জাতীয় বেতন স্কেলের সর্বশেষ সমমানের গ্রেড ও বেতন স্কেলে যেই পদে অধিষ্ঠিত আছেন সেই পদে যোগদানের তারিখ হতে গণনা করা হবে।

৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং নিকস/প্র-১/যৌথ জ্যেষ্ঠতা/৪(৭)/২০১১/১৫৯—নির্বাচন কমিশন (কর্মকর্তা/কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮ জারী করার পূর্ববর্তী সময়ে নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়কে জনবল প্রশাসনের ক্ষেত্রে দুটি ভিন্ন ধারা হিসেবে পরিগণিত করা হতো। উভয় ধারার এন্ট্রি লেভেল পদ যেমন ছিল ভিন্ন, তেমনি পদোন্নতির ক্ষেত্রেও কোটা প্রয়োগে বিভিন্ন ফিডার পদের সংখ্যার ভারসাম্য ছিল না। সচিবালয় ও মাঠ পর্যায়ে প্রশাসনিক বিভাজনের ফলে একই সময়ে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের পদোন্নতির ক্ষেত্রে যেমন সমতা বজায় রাখা সম্ভব হচ্ছিল না, তেমনি চাকুরীতে প্রবেশকালে প্রাপ্ত তাদের আন্তঃজ্যেষ্ঠতাও অক্ষুণ্ণ রাখা সম্ভব ছিল না। যার যার নিজস্ব অধিক্ষেত্রে বদলী ও পদায়ন সীমাবদ্ধ থাকার কারণে মাঠ পর্যায় ও সচিবালয়ের পারস্পারিক কাজের অভিজ্ঞতাও কাজে লাগানো সম্ভব হচ্ছিল না। যার ফলে নির্বাচন কমিশনের সার্বিক কর্মদক্ষতা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছিল। এই সব অসুবিধা দূরীকরণার্থে এই দুই ধারাকে একীভূত করে একটি অভিন্ন ধারা প্রবর্তনের লক্ষ্যে ১৯৭৯ সনে নিয়োগ বিধিমালা বাতিল করে ২০০৮ সনে নূতন বিধিমালা কার্যকর করা হয়েছে। দীর্ঘদিন ধরে দুটি ভিন্ন ধারায় পৃথকভাবে নিয়োগ ও পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের নিজ নিজ শ্রেণীতে একটি সম্মিলিত জ্যেষ্ঠতা তালিকা প্রণয়ন করা অপরিহার্য যেটির ভিত্তিতে বিভিন্ন পদে পদোন্নতি বিবেচনা করা সম্ভব হবে।

২। সে লক্ষ্যে বাংলাদেশ নির্বাচন কমিশন বিভিন্ন শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীদের শ্রেণীভিত্তিক আন্তঃজ্যেষ্ঠতা নির্ধারণে নিম্নোক্ত নীতিমালা অনুমোদনের বিষয়ে বিবেচনা করছেন ঃ

(ক) বিভিন্ন শ্রেণীভুক্ত কর্মকর্তা/কর্মচারীর শ্রেণীভিত্তিক জ্যেষ্ঠতা তালিকা প্রস্তুত ও সংরক্ষণ করা হবে;

(খ) বাংলাদেশ কর্ম কমিশন (পিএসসি) কিংবা নির্বাচন কমিশন কর্তৃক অনুমোদিত কোন বাছাই কমিটি কর্তৃক মনোনীত যে সকল প্রার্থী কমিশনের বিভিন্ন চাকুরীতে নিয়োগ লাভ করেন, তাদের আন্তঃজ্যেষ্ঠতা পিএসসি কিংবা বাছাই কমিটি কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকার ক্রম অনুসারে নির্ধারিত হবে ঃ

তবে শর্ত থাকে যে, নির্বাচন কমিশন কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন নং নিকস/প্র-১/যৌথ জ্যেষ্ঠতা/৪(৭)/২০১১/১৫৮, তারিখ ১০ ফেব্রুয়ারি, ২০১১ইং এর ৩ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী একীভূতকরণকালে সচিবালয় ও বহিরাংগণ এই দুই গ্রুপের কর্মকর্তাদের আন্তঃজ্যেষ্ঠতা এই আদেশ জারীর তারিখে উভয় গ্রুপের কর্মকর্তা চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ এর অনুচ্ছেদ ২(খ) এ সংজ্ঞায়িত জাতীয় বেতন স্কেলের সর্বশেষ সমমানের গ্রেড ও বেতন স্কেলে যেই পদে অধিষ্ঠিত আছেন সেই পদে যোগদানের তারিখ হতে গণনা করা হবে;

(গ) একই পঞ্জিকা বৎসরে সরাসরি নিয়োগপ্রাপ্ত ও পদোন্নতিপ্রাপ্ত ব্যক্তিগণের মধ্যে পদোন্নতিপ্রাপ্ত ব্যক্তিগণ জ্যেষ্ঠ হবেন;

(ঘ) একাধিক ব্যক্তিকে একই সময়ে পদোন্নতি দেয়া হলে যে পদ হতে পদোন্নতি দেয়া হয়েছে সে পদে তাঁদের পারস্পরিক জ্যেষ্ঠতার ভিত্তিতে উচ্চতর পদে তাঁদের পারস্পরিক জ্যেষ্ঠতা স্থির করা হবে;

(ঙ) উপরে বর্ণিত নীতিমালার ভিত্তিতে এক বা একাধিক কর্মকর্তার আন্তঃজ্যেষ্ঠতা নির্ধারণ করার ক্ষেত্রে সমস্যা দেখা দিলে কমিশন তাঁদের যথার্থ অসুবিধা (hardship) ও প্রেক্ষাপট বিশ্লেষণের পর বিদ্যমান সরকারি নীতিমালা অনুসরণ করে তাঁদের পারস্পরিক জ্যেষ্ঠতা নির্ধারণের বিষয়ে সিদ্ধান্ত প্রদান করবেন।

৩। নির্বাচন কমিশন সচিবালয়ের প্রজ্ঞাপন নম্বর নিকস/উস(প্র-২)দঃ/জ্যেঃতাঃ/২০০৯/৩০৩, তারিখ ১৪ ডিসেম্বর, ২০০৯ইং এতদ্দ্বারা বাতিল করা হল।

৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

বাংলাদেশ নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোঃ শাহজাহান মিয়া**
উপ-সচিব (প্রশাসন-২)।